

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৮৬৩

৫. হজ অধ্যায় (كتاب المناسك)

পরিচ্ছেদঃ ২২. যে প্রাণীকে মুহরিম (ইহরামরত) ব্যক্তি নিজে শিকার করেনি - এমন প্রাণী গোশত খাওয়া প্রসঙ্গে

আরবী

أَخْبَرَنَا يَزِيدُ بْنُ هَارُونَ حَدَّثَنَا هِشَامٌ الدَّسْتَوَائِيُّ عَنْ يَحْيَى عَنْ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي قَتَادَةً قَالَ انْطَلَقَ أَبِي مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَامَ الْحُدَيْبِيَةِ فَأَحْرَمَ أَصِحْابُهُ وَلَمْ يُحْرِمْ أَبُو قَتَادَةً فَأَصَابَ حِمَارَ وَحْشٍ فَطَعَنَهُ وَأَكَلَ مِنْ لَحْمِهِ فَقُلْتُ يَا رَسُولَ اللَّهِ إِنِّي أَصَبْتُ حِمَارَ وَحْشٍ فَطَعَنْتُهُ فَقَالَ لِلْقَوْمِ كُلُوا وَهُمْ مُحْرِمُونَ حَمَارَ وَحْشٍ فَطَعَنْتُهُ فَقَالَ لِلْقَوْمِ كُلُوا وَهُمْ مُحْرِمُونَ

বাংলা

১৮৬৩. আব্দুল্লাহ ইবনু আবী কাতাদা (রাঃ) হতে বর্নিত, তার পিতা হুদাইবিয়ার বছর রাসূলূল্লাহ (সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম এর সাথে (সফরে) ছিলেন। তার সঙ্গীরা ইহরাম অবস্থায় ছিলেন, কিন্তু আবী কাতাদা নিজে মুহরিম ছিলেন না। তিনি একটি বন্য গাধা পেয়ে (তার বর্শা দিয়ে)গাধাটিকে আক্রমন করে মেরে ফেললেন এবং এর মাংস খেলেন। (তিনি বলেন:) তখন আমি রাসূলূল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-(এর সাথে তারা মিলিত হয়ে) তাঁকে বললাম: ইয়া রাসূলুল্লাহ! আমি তো একটি বন্য গাধা পেয়ে (বর্শা দিয়ে) গাধাটিকে আক্রমন করে মেরে ফেলেছি এবং এর মাংস খেয়েছি। তখন তিনি লোকদেরকে বললেন: তোমরা খাও।[1]

ফুটনোট

[1] তাহকীক্ক: এর সনদ সহীহ। হাদীসটি বুখারী মুসলিমের সম্মিলিত বর্ণনা।

তাখরীজ: বুখারী, জাযাউস সাইদ, ১৮২১; মুসলিম, হাজ্জ ১১৯৬;

আমরা এর পূর্ণ তাখরীজ দিয়েছি সহীহ ইবনু হিব্বান নং ৩৯৬৬, ৩৯৭৪, ৩৯৭৫, ৩৯৭৭ ও মুসনাদুল হুমাইদী নং ৪২৮ তে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ্ ইবন আবু কাতাদা (রহ,)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন